

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।
[মুসক আইন ও বিধি শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২২.০৩৪.১৩/০২

তারিখঃ ০২ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ।
১৫ ফেব্রুয়ারী, ২০২২ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) কর্তৃক লীজ প্রদানকৃত জমির নিবন্ধন কার্যক্রম এর উপর ২% হারে মুসক এর প্রযোজ্যতার বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের পত্র নং-০৩.০৭.০০০.০২২.০৯৯.৩৩৪.২০১৯/৩৪, তারিখঃ ০৬/০১/২০২২ খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সূত্রে উল্লিখিত পত্রের মাধ্যমে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) কর্তৃক বিনিয়োগকারীগণকে অর্থনৈতিক অঞ্চলে ইজারা প্রদানকৃত জমির নিবন্ধনকালে “ভূমি উন্নয়ন সংস্থা” হিসেবে ২% মূল্য সংযোজন কর প্রযোজ্য হবে কিনা সে বিষয়ে মতামত কামনা করা হয়েছে।

০২। বিষয়টি পর্যালোচনা করে দেখা যায় যে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারিকৃত এস.আর.ও প্রজ্ঞাপন নং-১৮৬-আইন/২০১৯/৪৩-মুসক, তারিখ: ১৩ জুন, ২০১৯ খ্রিঃ অনুযায়ী-

(ক) “ভূমি উন্নয়ন সংস্থা” (সেবার কোড S০১০.১০) অর্থ বাণিজ্যিক ভিত্তিতে ক্রয়কৃত বা অন্য যে কোন উপায়ে প্রাপ্ত ভূমির উন্নয়ন সাধন বা চুক্তির মাধ্যমে ভূমির উন্নয়ন সাধনপূর্বক ইজারার মাধ্যমে বা অন্য কোনভাবে পণের বিনিময়ে উক্ত উন্নয়নকৃত ভূমি বিক্রয় বা হস্তান্তরকার্যে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা।

(খ) “ইজারাদার” (সেবার কোড S০৩৩.০০) অর্থ পণের বিনিময়ে কোন স্থান বা স্থাপনার অথবা কোনো স্থাবর সম্পত্তি বা কোনো স্থানে প্রবেশাধিকারের ইজারা গ্রহণকারী ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা এবং উক্তরূপ ইজারা প্রদান ব্যতিরেকে নিজস্ব ব্যবস্থাপনায় ইজারার স্থান বা স্থাপনার টোল, ফি, হাসিল বা খাস সংগ্রহকারীও ইহার অন্তর্ভুক্ত হইবেন।

০৩। আলোচ্য ক্ষেত্রে বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (বেজা) কর্তৃক অর্থনৈতিক অঞ্চলসমূহের ভূমি ইজারা প্রদানের সময় সমুদয় মূল্যের উপর ১৫% হারে উৎসে মুসক কর্তন করা হয়ে থাকে মর্মে অবহিত করা হয়েছে। এক্ষেত্রে যেহেতু সমুদয় ইজারা মূল্যের উপর ১৫% হারে উৎসে মুসক কর্তন করা হয়ে থাকে, সেহেতু Land Lease Agreement (LLA) নিবন্ধনের সময় পুনরায় ভূমি উন্নয়ন সংস্থা হিসেবে ২% হারে মুসক

প্রযোজ্য হবে না। যেহেতু, এক্ষেত্রে লিঙ্গ দলিলসমূহই নিবন্ধন করা হচ্ছে, সে কারণে একই ধরনের কার্যক্রমের উপর দুই পর্যায়ে ভ্যাট আদায়ের সুযোগ নেই। এছাড়াও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর প্রথম তফসিল এর দ্বিতীয় খন্ড এর ক্রমিক নং ৭(ছ) অনুযায়ী “জমি বিক্রয় বা হস্তান্তর এবং উহার নিবন্ধন (ভূমি উন্নয়ন সংস্থা ও ভবন নির্মাণ সংস্থা ব্যতীত)” ভ্যাট অব্যাহতি প্রাপ্ত। বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।

Phasan
২৭/০৪/২২

[কাজী রেজাউল হাসান]

দ্বিতীয় সচিব (আইন ও বিধি)

ফোনঃ ৮৩১৮১২০, এক্সঃ ৩৪৮

E-mail: vatpolicy@gmail.com

প্রাপকঃ

মহাব্যবস্থাপক (বিনিয়োগ উন্নয়ন)

বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ

প্রধানমন্ত্রীর কার্যালয়

মোনেম বিজনেস ডিস্ট্রিক্ট (লেভেল- ১২)

১১১, বীর উত্তম সি.আর.দত্ত রোড, ঢাকা-১২০৫।